আজকের কাগজ

তারিখ 16 JUL 1994
পৃষ্ঠা ৮ কলাম ২

৫৫

# নিবন্ধনপত্র হারিয়ে গেছে ৯২৬ জন ছাত্রীর এইচএসসি পরীক্ষা দেয়া অনিশ্চিত

**রংপুর থেকে জয়নাল আবেদীন ঃ** রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজের আসন্ন এইচএসসি পরীক্ষার্থীদের নিবন্ধনপত্র বোর্ড অফিস থেকে নিয়ে আসার সময় খোয়া গেছে বলে জানা গেছে। ফলে উক্ত কলেজের ৯শ' ২৩ জন ছাত্রীর পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে বলে অভিবাবকরা গতকাল প্রেস ক্লাবে এসে অভিযোগ করেছেন। উল্লেখ্য, আগামী ১ আগস্ট থেকে এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। বেগম রোকেয়া কলেজ থেকে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে এবছর ৯শ' ২৩ জন ছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করার কথা। কলেজ কর্তৃপক্ষ জনৈক প্রভাষককে রাজশাহী শিক্ষা বোর্ডে ছাত্রীদের নিবন্ধনপত্র আনার জন্যে পাঠান। তিনি যথারীতি বোর্ড অফিস থেকে নিবন্ধনপত্র নিয়ে ট্রেনযোগে আসার সময় নিবন্ধনপত্রের প্যাকেটটি নাকি হারিয়ে গেছে। এব্যাপারে গত বৃহস্পতিবার স্থানীয় একটি দৈনিকে হারানো বিজ্ঞপ্তি, প্রকাশিত হলে ছাত্রীদের মধ্যে আতংকের সৃষ্টি হয়। শ' শ' ছাত্রী কলেজে গিয়ে তাদের নিবন্ধন পত্রের খবর নিতে গেলে কর্তৃপক্ষ কেনো সদুত্তর প্রদান করেনি এমনকি তারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিনা সে ব্যাপারেও কোনো সদুত্তর প্রদান করেনি।

এব্যাপারে কলেজের অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন। কিন্তু ছাত্রীরা আদৌ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিনা সে ব্যাপারে কোনো কিছু জানাতে অস্বীকৃতি জানান। এব্যাপারে থানায় মামলা দায়ের করা হয়েছে।